ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৭০

পানিসাগর, ২২ আগস্ট, ২০২৫

## পানিসাগরে বর্ষামঙ্গল উৎসব অনুষ্ঠিত

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং পানিসাগর নগর পঞ্চায়েত ও শিক্ষা দপ্তরের সহযোগিতায় গতকাল পানিসাগর টাউন হলে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক বর্ষামঙ্গল উৎসব অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি অপর্ণা নাথ। অনুষ্ঠানে অন্যান্য অতিথিদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সহকারী সভাধিপতি ভবতোষ দাস, পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান কল্পনা দেবনাথ, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা রিপন চাকমা, বিদ্যালয় পরিদর্শক সুজিত রুদ্র পাল, সমাজসেবী বিবেকানন্দ দাস ও নিরুপম দে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। অনুষ্ঠানে উদ্বোধকের ভাষণে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলেন, ভারতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের উৎসবগুলোর মধ্যে অন্যতম একটি হচ্ছে বর্ষামঙ্গল উৎসব। প্রকৃতির প্রতিটি ঋতুর মঙ্গল কামনার আহ্বান করা আমাদের ঐতিহ্যে। এই উৎসব আয়োজন করার জন্য তিনি দপ্তরকে ধন্যবাদ জানান। স্বাগত ভাষণ রাখেন জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা রিপন চাকমা। এই উৎসবকে কেন্দ্র করে বৃক্ষরোপন, সংক্ষিপ্ত সাংস্কৃতিক অনুষ্ঠান এবং বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের অংশগ্রহণে ওপেন ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

*****